গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প**

ই-২৭/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.bbs.gov.bd

# স্থানীয় নারী রেজিস্ট্রার নিয়োগ নীতিমালা, ২০২৪

**১. নিয়োগ প্রক্রিয়া:**

(ক) জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর ভিত্তিতে প্রণীত Integrated Multipurpose Samples (IMPS) অনুসরণপূর্বক সারাদেশে ২,৭৬৬টি প্রাথমিক নমুনা এলাকা (পিএসইউ)'র সীমানা অনুযায়ী প্রতিটি প্রাথমিক নমুনা এলাকা বিপরীতে একজন স্থানীয় নারী রেজিস্ট্রার নিয়োগ প্রদান করা হবে।

(খ) স্থানীয় রেজিস্ট্রার নিয়োগের ক্ষেত্রে বর্ণিত যোগ্যতা ও শর্তাবলী আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

(গ) স্থানীয় রেজিস্ট্রারগণ নিয়োগের জন্য জনশুমারিতে অন্তর্ভুক্ত স্ব-স্ব পিএসইউ সীমানা এলাকার বাসিন্দাদের সম্ভাব্য তালিকা হবে প্রধান ভিত্তি। তবে, শুমারির পরবর্তীতে উক্ত পিএসইউ সীমানা এলাকায় বসবাসের জন্য আগমনকৃত ব্যক্তিবর্গ প্রমাণসাপেক্ষে খসড়া তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবেন।

(ঘ) প্রকল্প হতে সরবরাহকৃত সম্ভাব্য তালিকা ও স্থানীয়ভাবে পিএসইউ এলাকায় প্রাথমিক তালিকাভুক্ত আগ্রহী প্রার্থীকে প্রকল্প হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে জেলা পরিসংখ্যান কার্যালয়ের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। এর পাশাপাশি প্রকল্প পরিচালক বরাবর আবেদনপত্রের একটি হার্ডকপি জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জন্মনিবন্ধন সনদ, নাগরিক সনদপত্র, ২ কপি পাসপোর্ট সাইজের কালার ছবিসহ স্ব-স্ব জেলা কার্যালয়ে জমা দিতে হবে।

(ঙ) জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ আবেদনপত্র সংগ্রহের জন্য স্ব-স্ব দাপ্তরিক ওয়েবসাইটে (www.bbs.district.gov.bd) বিজ্ঞপ্তি প্রকাশ করবে। জেলা পর্যায়ে একজন উপপরিচালকের নেতৃত্বে গঠিত 'যাচাই-বাছাই কমিটি' জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে (প্রয়োজনীয় ক্ষেত্রে মৌখিক পরীক্ষার মাধ্যমে) পিএসইউ প্রতি ন্যূনতম ২টি ও সর্বোচ্চ ৫টি আবেদনপত্র সুপারিশ করে প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবে।

(চ) প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত উপমহাপরিচালক-কে সভাপতি করে একটি কমিটি কমিটি গঠন করতে হবে। কমিটি নিয়োগের যোগ্যতা ও শর্তাবলী অনুসরণ করে নিয়োগের জন্য সুপারিশ প্রদান করবে।

(ছ) সুপারিশকৃত প্রার্থীদেরকে সম্পূর্ণ অস্থায়ীভাবে নির্ধারিত পিএসইউ এলাকায় কাজ করার জন্য প্রকল্প হতে নিয়োগপত্র ইস্যু করা হবে।

**২. স্থানীয় রেজিস্ট্রারের যোগ্যতা ও অভিজ্ঞতা:**

(ক) শারীরিক ও মানসিকভাবে সুস্থ, পরিমার্জিত, স্মার্ট ও পরিপাটি স্বভাবের শিক্ষিতা নারী হতে হবে।

(খ) প্রার্থীকে অবশ্যই পিএসইউ সীমানা এলাকার নিয়মিত বাসিন্দা হতে হবে। পল্লি (ইউনিয়ন) ও পৌরসভা এলাকার ক্ষেত্রে পিএসইউ সীমানায় কাউকে না পাওয়া গেলে, সর্বোচ্চ মৌজা সীমানার মধ্যে বসবাসকারী প্রার্থীকে বিবেচনা করা হবে। সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সর্বোচ্চ ওয়ার্ড সীমানার মধ্যে বসবাসকারী সদস্য হতে হবে।

(গ) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এইচএসসি/সমমান পাশ হতে হবে।

(ঘ) স্মার্টফোন বা ট্যাবলেট ব্যবহারে দক্ষ হতে হবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। নিজের সক্রিয় ইমেইল ঠিকানা ও স্ব-নামে ফেসবুক অ্যাকাউন্ট থাকতে হবে।

(ঙ) বয়স সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৪০ বছরের মধ্যে হতে হবে।

(চ) স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এ পূর্বে নিয়োজিত স্থানীয় রেজিস্ট্রারগণ এবং নিয়োগের অন্যান্য শর্ত প্রতিপালন ও সন্তোষজনক দায়িত্ব পালনের পূর্বঅভিজ্ঞতা সাপেক্ষে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। বিবিএস কর্তৃক পরিচালিত অন্যান্য শুমারি বা জরিপে কাজ করার পূর্ব-অভিজ্ঞতাসম্পন্ন নারী প্রার্থীগণও অগ্রাধিকার পাবেন।

**৩. নিয়োগের শর্তাবলী:**

(ক) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের আওতায় পরিচালিতব্য স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এর মাসিক ভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বোচ্চ ৩ মাসের জন্য স্থানীয় রেজিস্ট্রার হিসেবে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে। প্রতি ০৩ মাস অন্তর তথ্য সংগ্রহ কার্যক্রম সমাপনান্তে পূর্বের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। সন্তোষজনক দায়িত্বপালন ও নিয়োগের শর্তাবলী যথাযথ পালন সাপেক্ষে পরবর্তীতে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে।

(খ) অর্পিত দায়িত্ব পালনে কোনো প্রকার ব্যত্যয়/অবহেলা পরিলক্ষিত হলে, যে কোনো পর্যায়ে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে স্থানীয় রেজিস্ট্রারের নিয়োগ কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

(গ) নিয়োগ বাতিল বা অন্য কোনো কারণে পদ শূন্য হলে (পিএসইউ এলাকা হতে বিবাহ/তালাক বা অন্য কোনো কারণে বহির্গমন, মৃত্যু, বয়স ৫৯ বছর পূর্ণ হয়ে যাওয়া ইত্যাদি কারণে) কর্তৃপক্ষ একই নীতিমালা অনুসরণ করে পূর্বে জেলা কার্যালয় হতে সুপারিশকৃতদেরকে অগ্রাধিকার দিয়ে শূন্যপদে পুনরায় স্থানীয় রেজিস্ট্রার নিয়োগ প্রদান করবে।

(ঘ) নাগরিকত্ব ও বয়সের প্রমাণক হিসেবে এনআইডি ও জন্মসনদপত্রের পাশাপাশি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক বিগত ১ মাসের মধ্যে ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ঙ) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ছ) প্রকল্প হতে সরবরাহকৃত নির্ধারিত জীবনবৃত্তান্ত ফরম অনলাইন ও হার্ডকপি উভয়ভাবেই দাখিল করতে হবে।

(জ) নিয়োগের পর যে কোনো পর্যায়ে কিংবা সময়ে উল্লিখিত শর্ত ভঙ্গ করা হয়েছে কিংবা তথ্য গোপন করা হয়েছে কিংবা দায়িত্বে অবহেলা করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া গেলে কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিক নিয়োগ বাতিল করতে পারবে।

(ঝ) স্থানীয় রেজিস্ট্রার হিসেবে নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক। এ কাজে নিয়োজিত স্থানীয় রেজিস্ট্রারগণ বিবিএস-এর নিয়মিত রাজস্বভুক্ত জনবল হিসেবে বিবেচিত হবেন না। নিয়োগের সময়সীমা অতিক্রান্ত হবার পর তারা কোনোভাবেই রাজস্বভুক্ত কর্মচারী হিসেবে অন্তর্ভুক্ত হবেন না বা অন্তর্ভুক্ত হবার দাবি করতে পারবেন না।

৪। কর্তৃপক্ষ প্রয়োজনে সময়ে-সময়ে এ নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করতে পারবে।

২২/০৪/২০২৪

**মোহাম্মদ মিজানুর রহমান**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd